



টিআইবি'র কার্যক্রম

সংঘাতপূর্ণ রাজনীতি নিয়ে নতুন ভাবনা শীর্ষক কর্মশালা

বিগত ১৬ জানুয়ারী খুলনার স্থানীয় একটি হোটেলে “সংঘাতপূর্ণ রাজনীতি নিয়ে নতুন ভাবনা” শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশন্যাল বাংলাদেশ, এ্যাকশান এইড বাংলাদেশ এবং জাতিসংঘ যৌথভাবে এই কর্মশালার আয়োজন করে।

টিআইবি'র নির্বাহী পরিচালক মনজুর হাসান এবং ফেয়ার সেক্রেটারী ফিরোজ এম হাসানের লিখিত প্রবন্ধের (সংঘাতপূর্ণ রাজনীতি নিয়ে নতুন ভাবনা) উপর স্থানীয় রাজনীতিবিদ, শিক্ষাবিদ, আইনজীবী এবং নারী ও সামাজিক সংগঠনের প্রায় ৭০ জন প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করেন। মনজুর হাসানের স্বাগত বক্তব্য প্রদানের মাধ্যমে দিনব্যাপী এই কর্মশালা শুরু হয়।

কর্মশালায় রাজনৈতিক দল, কার্যকর অর্থবহ সংসদ, দ্বিগুণ বিশিষ্ট সংসদ, নির্বাচন পদ্ধতির সংস্কার, অবাধ ও সুষ্ঠু এবং গণতান্ত্রিক নির্বাচন অনুষ্ঠান, সরকারী মালিকানাধীন সংবাদ মাধ্যমের স্বাধীনতা, আইন প্রণয়ন প্রক্রিয়ায় মহিলাদের অংশগ্রহণ ইত্যাদি বিষয় নিয়ে ৪টি গ্রুপে বিস্তারিত সুপারিশ প্রণয়ন করা হয়।

নির্বাহী পরিচালকের ইন্দোনেশিয়া ও থাইল্যান্ড সফর

পার্টনারশীপ ফর গভর্ন্যান্স রিফর্ম (এডিবি, ওয়ার্ল্ড ব্যাংক এবং ইউএনডিপি



সংঘাতপূর্ণ রাজনীতি নিয়ে নতুন ভাবনা শীর্ষক কর্মশালায় আলোচকদের একাংশ

সহায়তায় গঠিত) এর আমন্ত্রণে টিআইবি'র নির্বাহী পরিচালক মনজুর হাসান ১৪ ও ১৫ মার্চ ইন্দোনেশিয়া সফর করেন। সফর কালে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল ইন্দোনেশিয়া সহ বেশ কয়েকটি সংগঠনের কর্মকর্তাদের সঙ্গে তিনি বৈঠকে মিলিত হন। এসময় তিনি টিআইবি'র অভিজ্ঞতা বিশেষ করে সুশীল সমাজের সাথে টিআইবি'র কার্যক্রম নিয়ে আলোচনা করেন।

জব ফেয়ারে টিআইবি

নর্থ সাউথ ইউনিভার্সিটির উদ্যোগে দেশে প্রথম বারের মতো আয়োজন করা হয় “নেশনওয়াইড জব ফেয়ার” বারিধারাস্থ ক্যাম্পাসে ৩১ মার্চে আয়োজিত এ

মেলায় প্রায় ৬০টি দেশী বিদেশী সংস্থা অংশ নেয়। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ মেলায় অংশগ্রহণ করে। সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত মেলায় সদ্য পাশকৃত এবং চূড়ান্ত বর্ষের প্রচুর সংখ্যক ছাত্র ছাত্রী টিআইবি'র স্টলে জীবন বৃত্তান্ত দাখিল করে। টিআইবি'র গবেষণা কর্মকর্তা সাইদুর রহমান মোল্লা, অর্থ ব্যবস্থাপক রেজাউল হক এবং গবেষণা সহযোগী আনোয়ারুল আমীন মেলায় উপস্থিত ছিলেন।

ব্যাংকক সফর

ন্যাশনাল ডেমোক্রেটিক ইনস্টিটিউট (এনডিআই) এর আমন্ত্রণে মনজুর হাসান দু'দিনের এক সংক্ষিপ্ত সফরে থাইল্যান্ড



গণতন্ত্র উৎসব

২২ ও ২৩ মার্চ “ডেমোক্রেসী ওয়াচের” উদ্যোগে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে অনুষ্ঠিত হয় গণতন্ত্র উৎসব। আলোচনা অনুষ্ঠান ছাড়াও দেশ বিদেশের ২৩টি সংগঠনের নয়নাভিরাম স্টল ছিল উৎসবের অন্যতম আকর্ষণ। অংশগ্রহণকারী সংগঠন গুলোর মধ্যে ছিল, আইন ও শালিষ কেন্দ্র, এ্যাকশন এইড বাংলাদেশ, এশিয়া ফাউন্ডেশন, এডিবি, অস্ট্রেলিয়ান হাই কমিশন, অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, বেলা, রাস্ট, ব্র্যাক, ব্রিটিশ কাউন্সিল, কানাডিয়ান হাই কমিশন, কেয়ার বাংলাদেশ, ইউরোপীয়ান ইউনিয়ন, ফেমা, গ্রামীণ ট্রাস্ট, এনডিআই, রয়েল নেদারল্যান্ডস অ্যামবাসী, এসটিডি, টিআইবি, ইউ এন ইনফরমেশন সেন্টার, দ্যা আমেরিকান সেন্টার, ওয়ার্ল্ড ব্যাংক এবং ডেমোক্রেসী ওয়াচ।